



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১২১৪

নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৭৬/২১৬৬০/৪

তারিখ : ২৬/০৮/২০১৭খ্রিঃ

বিষয় : অনুমোদিত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্র : ১) নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৭৬/১৪৯৭/৪; তারিখঃ ২৭/১০/২০১৬খ্রিঃ
২) স্মারক নং- ০৫.৪৫.৬১৯৪.০০৭.০০.০০১.১৬-৭৭৪; তারিখঃ ২৯/০৮/২০১৬খ্রিঃ
৩) নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৭৬/৭৫/৪; তারিখঃ ২৪/০১/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন বৈলর কানহর এ ডি এস আলিম মাদরাসার গভার্ণিং বডি গঠনের ক্ষেত্রে বিভিন্ন অনিয়ম হয়েছে মর্মে অভিভাবকবৃন্দের পক্ষে জনাব মোঃ আবুল কাশেম একখানা অভিযোগ দাখিল করেন।

২) দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন বোর্ডে প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বডি গঠনের ক্ষেত্রে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-১৫, ১৬ ও ১৭ লঙ্ঘন করা হয়েছে।

৩) বিদ্যমান বিধি বিধান লঙ্ঘন করে কমিটি গঠন করায় এ দপ্তর হতে অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে গভার্ণিং বডির সভাপতি ও অধ্যক্ষকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি কোন জবাব দাখিল করেন নাই। ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক যে জবাব দাখিল করা হয়েছে, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১০৯০/নথি নং-ময়মনসিংহ-৭৬; তারিখঃ ০৩/১২/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


28.08.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বৈলর কানহর এ ডি এস আলিম মাদরাসা
ত্রিশাল, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৭৬/২১৬৬০/৪

তারিখ : ২৬/০৮/২০১৭খ্রিঃ

সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ভেঙ্গে দেয়া গভার্ণিং বডি, বৈলর কানহর এ ডি এস আলিম মাদরাসা, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. জনাব মোঃ আবুল কাশেম, পিতা-মৃত পাযান আলী, উজান বইলর, বইলর, ত্রিশাল, ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪